



## “শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

### চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম

মোবাইল: ০১৭৬৯-৪০০৯৯৯

E-mail: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.ctgpbs3.org

স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫১১.০৩.০২০.১৮. ২০৭৫

তারিখঃ ২৪ জুন ২০১৮  
১০ আষাঢ় ১৪২৫

#### “পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি”

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরির লক্ষ্যে প্রকৃত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট হতে পুনরায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পদের পার্শ্বে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সুবিধাদি উল্লেখ করা হলোঃ

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মাসিক মূল বেতন	বয়স
০১	ড্রাইভার	০১টি	সাবলীলভাবে বাংলা, ইংরেজী শব্দ-সংখ্যা লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। প্রার্থীর বিআরটিএ কর্তৃক প্রদত্ত মেয়াদ সম্বলিত (হালকা) বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। প্রার্থীকে যে কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনাসহ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর উল্লিখিত প্রতিষ্ঠান সমূহের কর্মকালকে অভিজ্ঞতার কর্মকাল হিসেবে গণ্য করা হবে। বিগত ৩(তিন) বছরে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সাহিত্য দাখিল করতে হবে। আবেদনকৃত প্রার্থীদের ড্রাইভিং টেস্ট এবং লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষা হবে ছোট ধরনের ইঞ্জিন রিপেয়ারিং, টিউন আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান ইত্যাদি বিষয়ে। নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে নিয়োগপত্র প্রাপ্তির পর কাজে যোগদানের সময় অত্র পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্বাস্থ্য এবং দৃষ্টিশক্তির ফিটনেস সার্টিফিকেট গ্রহণপূর্বক সমিতিতে জমা প্রদান করতে হবে।	১৬,৬০০.০০- ২৯,৯০০.০০ টাকা বেতন স্কেলে মূল বেতন এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি।	১৫/০৭/২০১৮খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমাণাদি আবেদন পত্রের সহিত সংযুক্ত সাপেক্ষে মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার (পুত্র/নাতি) সন্তানের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২(বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

#### শর্তাবলী :

- আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট ([www.breb.gov.bd](http://www.breb.gov.bd)) অথবা চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওয়েবসাইট ([www.ctgpbs3.org](http://www.ctgpbs3.org)) হতে আবেদন ফরম (ফরম নম্বর পমাসপ ১১০-০০২,ভার্সন-০১) ডাউনলোড করতঃ যথাযথভাবে স্ব-হস্তে পূরণ পূর্বক সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের ফটোকপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/কমিশনারের নিকট থেকে নাগরিকত্ব সনদপত্র, ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম সম্বলিত সীল মোহর সহ) কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এছাড়াও চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকার ব্যাংক ড্রাফট আবেদনের সাথে সংযুক্তপূর্বক খামের উপর পদের নাম উল্লেখ করে আগামী ১৫/০৭/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এর বরাবরে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌছাতে হবে। আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে। সাদা কাগজে বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ইতিপূর্বে অত্র পবিসের স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫১১.০৩.০২০.১৮.৩০৫, তারিখঃ ২৭/০১/২০১৮খ্রিঃ মোতাবেক প্রকাশিত 'ড্রাইভার' পদের নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় মূল বেতনসহ পবিস কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতাদি প্রদান পূর্বক ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামো অনুযায়ী একই পদে চাকুরীতে নিয়মিতকরণ করা যেতে পারে।
- অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকের স্বামী/স্ত্রী অথবা রক্ত সম্পর্কীয়দের আবেদন করার প্রয়োজন নাই।
- জেলা কোটার প্রাপ্যতা অনুযায়ী শুধুমাত্র ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, দিনাজপুর, রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম, বগুড়া, সিরাজগঞ্জ, খুলনা, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, মাগুড়া, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, বরগুনা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

